# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

মসজিদে যাওয়ার আদব - ২৯. কিভাবে? কি শিষ্টাচার বজায় রেখে মসজিদে যাব?

(১) নিজ ঘর থেকে ওযু করে যাওয়া উত্তম,

(২) মসজিদে যাওয়ার আগে কাচা রসুনপিয়াজ না খাওয়া এবং দুর্গন্ধ মুক্ত হয়ে যাওয়া। (বুখারী: ৮৫৫)

(৩) সাজগোছ করে ভালো পোশাকে মসজিদে যাওয়া। (সূরা ৭; আরাফ ৩১)

(৪) দু'আ পড়ে ঘর থেকে বের হওয়া, পথে যেতে যেতে ও দু'আ পড়া। (আবু দাউদ: ৫০৯৫)

(৫) ধীরস্থির হাঁটা, দৌড়াদৌড়ি না করা। (বুখারী: ৬৩৬)

(৬) ডান পা আগে দিয়ে মসজিদে প্রবেশ এবং বের হওয়ার সময় বাম পা আগে দেওয়া।(মুসলিম)।

(৭) প্রবেশ করেই দুই রাকআত তাহিয়্যাতুল মসজিদ সালাত আদায় করা। (বুখারী)

(৮) জায়গা খালি থাকলে প্রথম কাতারে বসা। (বুখারী: ৬১৫)

(৯) কিবলামুখী হয়ে বসা এবং কুরআন তিলাওয়াত করতে থাকা। (তাবরানী)

(১০) জামাত দাঁড়িয়ে গেলে আর কোন সুন্নাতের নিয়ত না করা। এমনকি ফজরেও না। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12913

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন